জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

জবি/প্রশা-১৩/২০০৮/৪৭৬০ তারিখ ঃ ২৭ অক্টোবর, ২০১৬

নিয়োগ বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/বিষয়-এ নিম্নবর্ণিত শূন্যপদ পূরণের লক্ষে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.jnu.ac.bd হতে সংগ্রহ করতে হবে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে ঃ

ক্রম.	পদের নাম ও বেতন স্কেল (জাঃবেঃস্কেল ২০১৫), বিভাগ/বিষয় ও পদসংখ্যা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ
১	**পদ ঃ অধ্যাপক** **বেতন স্কেল ঃ** টাকা ৫৬৫০০-৭৪৪০০/- **বিভাগ/বিষয় ও পদসংখ্যা ঃ** মার্কেটিং-১	ক) প্রার্থীদের স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর-এর যে কোন এক পর্যায়ে ন্যূনতম ১ম শ্রেণী/সিজিপিএ ৩.৬০ এবং এসএসসি/এইচএসসি-এর যে কোন এক পর্যায়ে ন্যূনতম ১ম বিভাগ/জিপিএ ৪.০০ থাকতে হবে। খ) পি-এইচ.ডি/সমমান ডিগ্রীধারী প্রার্থীদের ন্যূনতম ১২(বার) বছরের তন্মধ্যে সহযোগী অধ্যাপক/সমমান পদে ন্যূনতম ০৪ (চার) বছরের, এম,ফিল/সমমান বা সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০১(এক) বছরের বিদেশী ২য় মাস্টার্স ডিগ্রীধারী প্রার্থীদের ন্যূনতম ১৫(পনের) বছরের তন্মধ্যে সহযোগী অধ্যাপক/সমমান পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের, যে সকল প্রার্থীর উচ্চতর ডিগ্রী নাই তাঁদের ন্যূনতম ১৯ (উনিশ) বছরের তন্মধ্যে সহযোগী অধ্যাপক/সমমান পদে ন্যূনতম ০৭ (সাত) বছরের স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতার অথবা স্বীকৃত উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। গ) শিক্ষাজীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী বা সমতুল্য জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ঘ) স্বীকৃত জার্নালে ন্যূনতম ১০ (দশ) টি প্রকাশনা (এর মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪টি) থাকতে হবে। একক নামে প্রকাশিত প্রকাশনাকে অধিকতর গুরুত্ব দেয়া হবে। ঙ) অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে অনর্জনযোগ্য (unattainable) শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিলযোগ্য এবং অতিরিক্ত ০৩ (তিন) টি বা ততোধিক প্রকাশনার জন্য মোট চাকরিকাল গণনার ক্ষেত্রে সর্বোচ্চ ০১ (এক) বছর রেয়াত দেয়া যেতে পারে। চ) বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় এবং উচ্চতর গবেষণা ও প্রকাশনায় বিশেষ অবদান অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
২	**পদ ঃ সহকারী অধ্যাপক** **বেতন স্কেল ঃ** টাকা ৩৫৫০০-৬৭০১০/- **বিভাগ/বিষয় ও পদসংখ্যা ঃ** বাংলা-১ (সহযোগী অধ্যাপকের শূন্য পদের বিপরীতে), ইতিহাস-১ (সহযোগী অধ্যাপকের শূন্য পদের বিপরীতে), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১ (সহযোগী অধ্যাপকের শূন্য পদের বিপরীতে), নৃবিজ্ঞান-১ (সহযোগী অধ্যাপকের শূন্য পদের বিপরীতে), লোক প্রশাসন-১ (অধ্যাপকের শূন্য পদের বিপরীতে), পদার্থবিজ্ঞান-১, মার্কেটিং-১ (সহযোগী অধ্যাপকের শূন্য পদের বিপরীতে)	ক) প্রার্থীদের ব্যবসায় শিক্ষা ব্যতীত অন্যান্য অনুষদে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পর্যায়ে উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ/সিজিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৪.২৫ (চতুর্থ বিষয়সহ) এবং ব্যবসায় শিক্ষা অনুষদের জন্য এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পর্যায়ে উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ/সিজিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৪.৫০ (চতুর্থ বিষয়সহ) থাকতে হবে এবং ব্যবসায় শিক্ষা ব্যতীত অন্যান্য অনুষদে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি অথবা জিপিএ/সিজিপিএ স্কেল ৪.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৩.৫০ থাকতে হবে; এবং ব্যবসায় শিক্ষা অনুষদের জন্য বিবিএ ও এমবিএ উভয় পরীক্ষায় জিপিএ/সিজিপিএ স্কেল ৪.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৩.৮৫ থাকতে হবে। উপরে উল্লিখিত যোগ্যতা থাকলেই কেবল উচ্চতর ডিগ্রী, শিক্ষকতা ও গবেষণার অভিজ্ঞতা এবং প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। খ) পি-এইচ.ডি/সমমান ডিগ্রীধারী প্রার্থীদের ন্যূনতম ০১(এক) বছরের, এম,ফিল/সমমান বা সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০১(এক) বছরের বিদেশী ২য় মাস্টার্স ডিগ্রীধারী প্রার্থীদের ন্যূনতম ০২(দুই) বছরের, যে সকল প্রার্থীর উচ্চতর ডিগ্রী নাই তাঁদের ন্যূনতম ০৩ (তিন) বছরের স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতার অথবা স্বীকৃত উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। গ) স্বীকৃত জার্নালে ন্যূনতম ০১টি প্রকাশনা থাকতে হবে। একক নামে প্রকাশিত প্রকাশনাকে অধিকতর গুরুত্ব দেয়া হবে। ঘ) অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে অনর্জনযোগ্য (unattainable) শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিলযোগ্য। ঙ) বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় এবং উচ্চতর গবেষণা ও প্রকাশনায় বিশেষ অবদান অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
৩	**পদ ঃ প্রভাষক** **বেতন স্কেল ঃ** টাকা ২২০০০-৫৩০৬০/- **বিভাগ/বিষয় ও পদসংখ্যা ঃ** সমাজবিজ্ঞান-৩, পদার্থবিজ্ঞান-১ (শিক্ষাছুটিজনিত শূন্য পদের বিপরীতে), উদ্ভিদবিজ্ঞান-১ (সহযোগী অধ্যাপকের শূন্য পদের বিপরীতে)	প্রার্থীদের ব্যবসায় শিক্ষা ব্যতীত অন্যান্য অনুষদে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পর্যায়ে উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ/সিজিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৪.২৫ (চতুর্থ বিষয়সহ); এবং ব্যবসায় শিক্ষা অনুষদের জন্য এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পর্যায়ে উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ/সিজিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৪.৫০ (চতুর্থ বিষয়সহ) থাকতে হবে এবং ব্যবসায় শিক্ষা ব্যতীত অন্যান্য অনুষদে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি অথবা জিপিএ/সিজিপিএ স্কেল ৪.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৩.৫০ থাকতে হবে; এবং ব্যবসায় শিক্ষা অনুষদের জন্য বিবিএ ও এমবিএ উভয় পরীক্ষায় জিপিএ/সিজিপিএ স্কেল ৪.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৩.৮৫ থাকতে হবে। উপরে উল্লিখিত যোগ্যতা থাকলেই কেবল উচ্চতর ডিগ্রী, শিক্ষকতা ও গবেষণার অভিজ্ঞতা এবং প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

সাধারণ শর্তাবলী ঃ

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.jnu.ac.bd হতে **আগামী ১৭/১১/২০১৬ তারিখের মধ্যে** নির্ধারিত আবেদন ফরম (২টি পৃথক ফরম) সংগ্রহ করতে হবে এবং একই তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৮.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত) আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে/সরাসরি) পৌঁছাতে হবে।

২. শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও নম্বরপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)-এর সত্যায়িত প্রতিলিপি, সকল গবেষণা প্রবন্ধ/প্রকাশনা'র কপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি সম্বলিত আবেদনপত্র {অধ্যাপক পদের জন্য ১১ (এগার) সেট এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ৮ (আট) সেট আবেদনপত্র} দাখিল করতে হবে।

৩. সর্বমোট সক্রিয় চাকরিকাল/অভিজ্ঞতা নিরূপন করার সময় অন্য শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানের চাকরিকাল নিম্নরূপভাবে গণনা করা হবে ঃ
ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে চাকরিকালের ৭৫% তবে স্ব-পদের/ফিডার পদের পূর্ণ চাকরিকালসহ সর্বোচ্চ ১২ বছর;
খ) সরকারি কলেজে শিক্ষকতার ৬০% তবে সর্বোচ্চ ১০ বছর;
গ) অন্যান্য সকল স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান যেখানে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পর্যায়ে পাঠদান করা হয় সেখানে শিক্ষকতার/স্বীকৃত উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতার ৫০% তবে সর্বোচ্চ ১০ বছর।

৪. আবেদনপত্রের সাথে **'ট্রেজারার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা'** শিরোনামে 'অগ্রণী ব্যাংক লিঃ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, ঢাকা'-এর অনুকূলে অধ্যাপক পদের জন্য ৬০০.০০ (ছয়শত) টাকা এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ৪০০.০০ (চারশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

৫. চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৬. অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭. কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যাতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

৮. নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতিপালিত হবে। বাছাই বোর্ডের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ একেবারেই কাম্য নয়/প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য করা হবে।

৯. বাছাই বোর্ড সাক্ষাৎকারে অংশগ্রহণকারীদের নিম্নতর পদে বিবেচনাযোগ্য মনে করলে নিম্নতর পদের জন্য সুপারিশ অথবা তাঁর আবেদন নিম্নতর বাছাই বোর্ডে বিবেচনার জন্য প্রেরণ করতে পারবে।

১০. পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। উচ্চতর পদে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে তদস্থলে নিম্নতর পদে নিয়োগ করা যেতে পারে।

১১. লিখিত পরীক্ষায়/সাক্ষাৎকার-এ অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার